Bangladesh

# আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক
# ANSAR-VDP UNNAYAN BANK

মুজিববর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

কেন্দ্রীয় হিসাব বিভাগ

হিসাব পরিপত্র নম্বর-০৫/২০২১ তারিখ ১৮.০৬.২০২১

বিষয় :- নগদ তহবিল ধারণের নীতিমালা প্রসংগে।

অত্র ব্যাংকের শাখাসমূহের কার্যক্রম পূর্বের তুলনায় অধিকতর সম্প্রসারিত হওয়ায় আমানতকারীদের যথাযথ সেবা প্রদানের মাধ্যমে আমানত বৃদ্ধির লক্ষ্যে শাখায় নগদ তহবিল ধারণসীমা বৃদ্ধির প্রয়োজনীয়তা দেখা দেয়। বিভিন্ন শাখা, আঞ্চলিক অফিস ও বহিঃনিরীক্ষা দল এর সুপারিশ ও পরামর্শের প্রেক্ষিতে গত ০১ জুন ২০২১ তারিখে অনুষ্ঠিত পরিচালনা বোর্ডের ৯৮ তম সভার সিদ্ধান্তের আলোকে শাখাসমূহে নগদ তহবিল ধারণসীমা নিম্নোক্তভাবে পুনঃনির্ধারণ করা হলো-

| ক্রঃ নং | শাখার ক্যাটাগরি | নগদ তহবিল ধারণসীমা (প্রকৃত টাকায়) |
|---|---|---|
| ১ | ঋণস্থিতি ১.০০ কোটি টাকা পর্যন্ত | ৫০,০০০ |
| ২ | ঋণস্থিতি ১.০০ কোটি টাকার উর্ধ্বে হতে ৩.০০ কোটি টাকা পর্যন্ত | ৭৫,০০০ |
| ৩ | ঋণস্থিতি ৩.০০ কোটি টাকার উর্ধ্বে | ১,০০,০০০ |
| ৪ | আঞ্চলিক কার্যালয় সংশ্লিষ্ট শাখা (ঋণস্থিতি নির্বিশেষে) | ২,০০,০০০ |
| ৫ | লোকাল অফিস, ঢাকা (ঋণস্থিতি নির্বিশেষে) | ৫,০০,০০০ |

২। নিয়ন্ত্রণ বহির্ভূত ও যৌক্তিক কারণে শাখায় সীমাতিরিক্ত নগদ তহবিল ধারণ করা হলে উহার কার্যোত্তর অনুমোদন ক্ষমতা সংশ্লিষ্ট আঞ্চলিক ব্যবস্থাপকগণের উপর ন্যস্ত করা হল। সীমাতিরিক্ত নগদ তহবিল ধারণকারী শাখাসমূহ মাসিক ভিত্তিতে [পরবর্তী মাসের ১৫ (পনের) তারিখের মধ্যে] নিম্নবর্ণিত ছকে তথ্য সন্নিবেশপূর্বক উহা সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয়ে প্রেরণ করবে।

| ক্রঃ নং | সীমাতিরিক্ত নগদ তহবিল ধারণের তারিখ | নগদ তহবিল ধারণের পরিমান | নগদ তহবিল ধারণসীমা | অতিরিক্ত নগদ তহবিল ধারণ | অতিরিক্ত ধারণকৃত নগদ তহবিল সমন্বয়ের তারিখ | অতিরিক্ত নগদ তহবিল ধারণের যৌক্তিকতা |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ (৩-৪) | ৬ | ৭ |

৩। আঞ্চলিক ব্যবস্থাপকগণ সংশ্লিষ্ট শাখা হতে উক্ত নির্ধারিত ছকে সীমাতিরিক্ত নগদ তহবিল ধারণের কার্যোত্তর অনুমোদন প্রস্তাব প্রাপ্তির পর অনধিক ১ (এক) মাসের মধ্যে প্রাপ্ত তথ্য-উপাত্ত যাচাই-বাছাই ও পরীক্ষা-নিরীক্ষা করে নিস্পত্তি করবেন। সে ক্ষেত্রে অনুমোদনের বিষয়টি বাস্তবসম্মত হলে একটি পত্রের মাধ্যমে অনুমোদন ক্ষমতা প্রয়োগ করবেন। সীমাতিরিক্ত নগদ তহবিল ধারণের কার্যোত্তর অনুমোদনের ছকে/শাখার ফরওয়ার্ডিং পত্রের উপরে/ক্যাশ সেইফ রেজিস্টারে স্বাক্ষর দিয়ে অনুমোদন ক্ষমতা প্রয়োগ করলে তা কোনক্রমেই যথাযথ হবে না।

চলমান পাতা-০২

Head Office: 14, Outer Circular Road, Rajarbagh, Dhaka-1217
Telephone:48322181, 48313191, 48313147, 48313196, 9347615
Website: www.ansarvdpbank.gov.bd, E-mail:info@ansarvdpbank.gov.bd

৪। শাখাসমূহের সীমাতিরিক্ত নগদ তহবিল ধারণের বিষয়টি আঞ্চলিক ব্যবস্থাপকগণ নিয়মিতভাবে তদারকী, পরিবীক্ষণ ও মূল্যায়ন এর মাধ্যমে কার্যোত্তর অনুমোদন দিবেন। এতদসম্পর্কিত বিষয়ে সংশ্লিষ্ট সকলকে নিম্নবর্ণিত পদক্ষেপ গ্রহণের বিষয়টি বিবেচনায় নিতে হবে-

- শাখা ভবনের অবস্থান, শাখা ভবনের নিরাপত্তা, গেট/আনসারীর অবস্থা, রাজনৈতিক পরিস্থিতি ইত্যাদি বিষয়াদি স্বীয় বিবেচনায় নিয়ে নগদ তহবিলের নিরাপত্তা যথাযথভাবে নিশ্চিত করে তহবিল ধারণ করতে হবে।
- সাপ্তাহিক ছুটি, দীর্ঘ দিনের ছুটি, বড় উৎসব, রাজনৈতিক অস্থিরতা ইত্যাদি সময়ে নগদ তহবিল ধারণ বিষয়ে সচেতন থাকতে হবে।
- শাখাসমূহ নিয়ন্ত্রণ বহির্ভূত ও যৌক্তিক কারণ ব্যতিত কোনক্রমেই সীমাতিরিক্ত নগদ তহবিল ধারণ করতে পারবে না।
- যদি একান্তই প্রয়োজনে সীমাতিরিক্ত নগদ তহবিল ধারণ করতে শাখাসমূহকে বাধ্য হতে হয় তাহলে পরবর্তী কর্মদিবসে অবশ্যই উহা সার্ভিসিং ব্যাংকে জমা দিতে হবে। আবার, পরবর্তী কর্মদিবসেও যদি অনুরূপ অবস্থার সৃষ্টি হয় তাহলে অব্যবহিত পরবর্তী কর্মদিবসে উহা অবশ্যই সার্ভিসিং ব্যাংকে জমা নিশ্চিত করতে হবে।
- কোন শাখার কার্যোত্তর অনুমোদনের প্রস্তাব পর্যালোচনায় অনুমোদনের জন্য বিবেচিত না হলে বিস্তারিত তথ্য বর্ণনা করে প্রয়োজনীয় সুপারিশসহ আঞ্চলিক ব্যবস্থাপকগণ এ কার্যালয়ের কর্মী ব্যবস্থাপনা বিভাগে প্রেরণ করবে।
- আঞ্চলিক ব্যবস্থাপকের উক্তরূপ সুপারিশ বিবেচনায় নিয়ে কর্মী ব্যবস্থাপনা বিভাগ যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

৫। ইতোপূর্বে জারীকৃত হিসাব সার্কুলার নম্বর ০৪/১৯৯৯, ০৬/২০০১ ও ০২/২০১৭ তারিখ যথাক্রমে ০১.১২.১৯৯৯, ১৮.০৬.২০০১ ও ২১.১১.২০১৭ এবং পত্র নম্বর ১/১১/২১৫/১০৮৯০ তারিখ ০৭.০৫.২০১৩ বাতিল বলে গণ্য হবে। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

৬। এ নীতিমালা অবিলম্বে কার্যকর হবে।

28/06/2021

গন্ধপ্রসাদ বিশ্বাস
বিভাগ প্রধান
ফোন-০২-৪৮৩১৩১৪৭
ই-মেইল : avubacc@gmail.com

স্মারক নং-১/১১/২১৫/ ১০২১৪ তারিখ ২৮.০৬.২০২১

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো :-

১। স্টাফ অফিসার টু চেয়ারম্যান, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক এবং উপ-পরিচালক (ওয়েলফেয়ার), বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।
২। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন/অপারেশন/হিসাব ও নিরীক্ষা) এর দপ্তর, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৪। সকল বিভাগ প্রধান, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (বিভাগ প্রধান, আইসিটি কে পরিপত্রটি ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।
৫। সকল আঞ্চলিক ব্যবস্থাপক/সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক।
৬। সকল শাখা ব্যবস্থাপক, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক।

28/06/21

মোঃ জয়নুল আবেদীন
প্রিন্সিপাল অফিসার
সেল : ০১৮৩৭-৫৩৬৯৩৪